তারিখ ... 12 MAR 1990 ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

দৈনিক বাংলা

39

# এখন ঢাকা ভার্সিটি খোলা ঠিক হবে না ঃ প্রভোস্ট কমিটি

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রভোস্ট স্ট্যাণ্ডিং কমিটি যে পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় বন্ধ হয়েছে তার অবসানের আগে বিশ্ববিদ্যালয় খোলা সঙ্গত নয় বলে মত প্রকাশ করেছে।

গতকাল রোববার অনুষ্ঠিত কমিটির এক সভার প্রস্তাবে এ মত প্রকাশ করা হয়। ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান এতে সভাপতিত্ব করেন। প্রক্টর এবং হল প্রভোস্টগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় বলা হয়, যে নৃশংস হত্যাকাণ্ড সন্ত্রাস ও চরম নিরাপত্তাহীনতার মধ্যে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করতে

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রভোস্ট কমিটি

(প্রথম পৃঃ পর)

হয়েছিল তার অবসান এবং ছাত্র, শিক্ষক ও কর্মচারীদের পূর্ণ নিরাপত্তা বিধানের সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণের আগে বর্তমান পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় খোলা সঙ্গত নয়। সভা সরকারসহ সংশ্লিষ্ট সকল দায়িত্বশীল মহলের সঙ্গে অবিলম্বে যোগাযোগ করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে সিন্ডিকেটের প্রতি আবেদন জানায়।

উল্লেখ্য, প্রভোস্ট স্ট্যাণ্ডিং কমিটি এর আগে ৮ই মার্চ এক সভায় মিলিত হয়। সে সভার প্রস্তাবে বলা হয়েছিলঃ দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ থাকা জাতির পক্ষে কল্যাণকর নয়। আর এ কারণেই বিশ্ববিদ্যালয় যথাশীঘ্র খুলে দেয়া উচিত। কিন্তু যে নৃশংস হত্যাকাণ্ড ও নিরাপত্তাহীন পরিস্থিতির মধ্যে সিন্ডিকেট বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করতে বাধ্য হয় তার অবসান ঘটানো প্রয়োজন। প্রফেসর খোদাদাদ খান এই সভায় সভাপতিত্ব করেন।